

পল্টন মোড়ে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের পুলিশের লাঠিপেটা

যুগান্তর রিপোর্ট

পুলিশের বাধা আর মারধরের কারণে তাদের কাপড় পরা বেসরকারি প্রাথমিক শিক্ষকরা প্রধানমন্ত্রীর কার্যালয়ে যেতে পারেননি। পুলিশ পল্টন মোড়ে ব্যারিকেড দিয়ে তাদের পটভ্রমণ করে পদযাত্রা ভুল করে দিয়েছে। এ সময় শিক্ষক-শিক্ষিকা আর পুলিশের মাঝে ব্যাপক ধাক্কাখাতি, ধস্তাধস্তি আর মারধরের ঘটনা ঘটেছে। পুলিশের হাত থেকে রক্ষা পেতে শিক্ষকরা উচ্চেরঘরে কয়েক পড়তে পড়তে মাটিতে গরে পড়েন। এ সময় ১০-১২ জন শিক্ষক-শিক্ষিকা শিক্ষক : পৃষ্ঠা ৬ : কলাম ৫



রাজধানীর পল্টন মোড়ে পুলিশের বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির পদযাত্রায় পুলিশের বাধা-যুগান্তর

শিক্ষক : লাঠিপেটা

(১ম পৃষ্ঠার পর)

আহত হন। চাকরি জাতীয়করণের দাবিতে গতকাল দুপুরে বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি আয়োজিত এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মোকাম্মে হোসেন, মাহবুব উল আলম তানুভদার, শহিদুল ইসলাম বান, আবদুর রহমান বাচ্চু, আবুল কালাম আজাদ, মুগেন্দ্র মোহন সাহা, সায়মুল হক, বজলার রহমান, শেখ জহিদ উদ্দিন, ফরিদুল হক, আবদুল গফুর মাস্টার, কাজী কামাল পাশা, স্বপন কুমার রায়, জাকির হোসেন, হাফিজুল ইসলাম, আবদুল কালাম আজাদ, সাইফুল ইসলাম, মোস্তাফিজুর রহমান, আবদুল জলিল, হাবিবুর রহমান, এএ জব্বার, জাহাঙ্গীর আলম, মতিউর রহমান জাহাঙ্গীর প্রমুখ।

সমাবেশে ঢাকাসহ দেশে বিভিন্ন জেলা থেকে আসা সহস্রাধিক শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন। সমাবেশে নেতৃত্ব দেন, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া নির্বাচনোত্তর ঘোষণা করেছিলেন, ক্ষমতায় গিয়ে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের চাকরি জাতীয়করণ করবেন। কিন্তু ক্ষমতায় এসে ৪ বছর পার হলেও তার ঘোষণা বাস্তবায়ন করেননি। নেতৃত্ব আগামী ২০ মার্চের মধ্যে তাদের চাকরি জাতীয়করণের জন্য আশঙ্কামোচন দিয়েছেন। অন্যথা ৩ এপ্রিল দুপুরে শিক্ষক-শিক্ষিকারা সপরিবারে ৪৮ ঘণ্টার লাগাতার অনশন পালন করবেন। ৪৮ ঘণ্টার মধ্যে দাবি বাস্তবায়ন না হলে এদিন থেকে আমরণ অনশন কর্মসূচি পালন করবেন।